

স্বীকৃতি



● গবেষণার পাশাপাশি
শিক্ষকতাতেই তাঁর আনন্দ বেশি।
ডাক আর সময়— এই দু'টো
একসঙ্গে পেলেই তিনি ছুটে যান
বিজ্ঞান নিয়ে বলতে ইয়োরোপ,
আমেরিকা বা জাপানে। বারো বছর
বিদেশে থাকার সময় লন্ডনের কিংস
কলেজ অথবা রাদারফোর্ড

ল্যাবরেটরিতে শিক্ষকতার সঙ্গে করেছেন গবেষণাও।
ছিয়াত্তরে দেশে ফিরে যোগ দেন ভাবা অ্যাটমিক রিসার্চ
সেন্টারে। আর এখন বিকাশ সিংহের ওপর দু'টি সংস্থার
গুরুদায়িত্ব। একটি সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্স
অপরটি ভেরিয়েবল এনার্জি সাইক্লোট্রন সেন্টার। এ-দেশের
বিজ্ঞান, বিদেশে যাঁদের মাধ্যমে পরিচিত— বিকাশবাবু সেই
প্রথম সারির একজন। বহু পুরস্কারের মুকুটে পদ্মশ্রী ছিল
২০০১-এ আর সম্প্রতি তাঁর সারা জীবনের কর্মকৃতিত্বের
স্বীকৃতি পেলেন জার্মানির হাম্বোল্ট রিসার্চ পুরস্কারে।
বিজ্ঞান প্রসারের সঙ্গে তিনি কাজ করছেন বিভিন্ন রোগ,
বিশেষত ক্যান্সারে নিউক্লিয়ার মেডিসিনের প্রয়োগ নিয়ে।

ANANDABAZAR PATRIKA
21st Nov.2005